



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৪ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি. তারিখের নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০৬৮.১৩ স্মারক পত্র
খ) প্রধান শিক্ষকের ০৩-০৩-২০১৫ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার উপজেলাধীন দামুড়হুদা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (ব্রাক পরিচালিত) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৫ তারিখ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল-

শর্তসমূহ

- ১। আগামী ০২ বছরের মধ্যে নিজস্ব জমিতে ভবন নির্মাণসহ শিক্ষা প্রতিষ্ঠানটি স্থানান্তর করতে হবে, অন্যথায় পাঠদানের প্রাথমিক অনুমতি বাতিল বলে গণ্য হবে
- ২। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ৩। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ৪। প্রাথমিক পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৫। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদী পরিচালনা থেকে বিরত থাকতে হবে
- ৬। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ খ্রি. তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৭। এই পত্র ইস্যুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্যে বিধি মোতাবেক মোট ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি "নির্বাহী কমিটি" গঠন পূর্বক তা অনুমোদনের জন্য বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য অস্থায়ী স্বীকৃতি না পাওয়া পর্যন্ত এই নির্বাহী কমিটি দ্বারা বিদ্যালয় পরিচালিত হবে
- ৮। জে.এস.সি পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৯। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ১০। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ১১। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ত্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ১২। লাইব্রেরিতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে
- ১৩। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সংগ্রহ ও অনুসরণ করতে হবে

৭৪৮

(মোল্লা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

মোবাইল ০১৭৩৩-২২২০০৫

e-mail : is@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক

দামুড়হুদা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (ব্রাক পরিচালিত)

ডাকঘর : দামুড়হুদা, উপজেলা : সদর

জেলা : চুয়াডাঙ্গা

স্মারক নং-বিঅ-৬/ ২৫(২)

অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। নিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা
- ৯। সংরক্ষণ নথি

তারিখ : ২৮/০৬/১৫

৭৪৮
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর